

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩


তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৪

১৩ মার্চ ২০১৮

বিষয়: শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী পুরস্কার প্রদান সম্পর্কে স্পষ্টীকরণ।

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ৬ এপ্রিল ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.১০৪ সংখ্যক স্মারকে প্রকাশিত শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭-এর ৬ নম্বর অনুচ্ছেদ মোতাবেক পুরস্কার প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনায় নেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

- ১। এ নীতিমালাটি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা, আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ের জন্য প্রযোজ্য হবে।
- ২। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের কর্মচারীদের অনুচ্ছেদ ৩.২ মোতাবেক দুইজনকে এবং আওতাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থা প্রধানদের মধ্য হতে অনুচ্ছেদ ৩.৩ মোতাবেক একজনকে পুরস্কার প্রদানের জন্য মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের সচিবের নেতৃত্বে গঠিত বাছাই কমিটি নির্বাচন করবে।
- ৩। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থার কর্মচারীদের মধ্য হতে অনুচ্ছেদ ৩.৪ মোতাবেক দুইজনকে এবং আওতাধীন মাঠ পর্যায়ের বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়ের প্রধানদের মধ্য হতে অনুচ্ছেদ ৩.৫ মোতাবেক একজনকে পুরস্কার প্রদানের জন্য দপ্তর/সংস্থা প্রধানদের নেতৃত্বে গঠিত বাছাই কমিটি নির্বাচন করবে।
- ৪। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের আওতাধীন বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়ের কর্মচারীদের মধ্য হতে অনুচ্ছেদ ৩.৬ মোতাবেক দুইজনকে এবং আওতাধীন জেলা কার্যালয়ের প্রধানদের মধ্য হতে অনুচ্ছেদ ৩.৭ মোতাবেক একজনকে পুরস্কার প্রদানের জন্য বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়ের প্রধানদের নেতৃত্বে গঠিত বাছাই কমিটি নির্বাচন করবে।
- ৫। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য কার্যালয়ের আওতাধীন উপজেলা কার্যালয়ের প্রধানদের (প্রযোজ্য ক্ষেত্রে) মধ্যে একজনকে এবং জেলা ও উপজেলা কার্যালয়ের কর্মচারীদের মধ্য হতে দুইজনকে (গ্রেড-৪ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী) পুরস্কার প্রদানের জন্য জেলা কার্যালয়ের প্রধানদের নেতৃত্বে বাছাই কমিটি নির্বাচন করবে।



(খন্দকার সাদিয়া আরাফিন)

উপসচিব

ফোন: ৯৫৮৮৫৪৯

ই-মেইল: inar_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর কার্যালয়, অডিট ভবন, কাকরাইল, ঢাকা
- ২। সিনিয়র সচিব/সচিব

.....মন্ত্রণালয়/বিভাগ

- ৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
- ৪। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্যভবন, রমনা, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। প্রোগ্রামার (আইসিটি সেল), মন্ত্রিপরিষদ বিভাগ (পত্রটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব (সংস্কার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১৩৮.১৭-১২০ ১২১


১৪-১২-১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ-----
২৮-০৩-২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয় : শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী পুরস্কার প্রদান সম্পর্কে স্পষ্টীকরণ।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩, তারিখঃ ১৩-০৩-২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লেখিত মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ০১(এক) পাতা।


(মোঃ আলী হায়দার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৫৬১

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহা-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন)/ (সমন্বয়), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
- ৫। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, এনএসসি টাওয়ার, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
- ৬। সচিব, বঙ্গাবন্ধু ক্রীড়া সেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ (পুরাতন ভবন), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।